## মন্ত্রণালয় / বিভাগের নাম- বিআইডব্লিউটিএ

মাসের নাম ঃ নভেম্বর, ২০২০ইং

| বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | নতুন অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | ৩ মাসের উর্দ্ধে | ৬ মাসের উর্দ্ধে | |
| - | - | - | ৩টি | ১। জনাব মোঃ জাহিদুল ইসলাম, পরিবহন পরিদর্শক এবং মোঃ মাঈন উদ্দিন, বার্দিং সারেং, ভৈরব বাজার নদী বন্দর, ভৈরব, বিআইডব্লিউটিএ, আশুগঞ্জ সহ ৪/৫ জনের বিরুদ্ধে ভৈরব-আশুগঞ্জ নদী এলাকার বিভিন্ন ঘাটে নৌকা, বালিবাহী বোট, মালবাহী ও তেলবাহী নৌযানে দীর্ঘ দিন যাবৎ চাঁদা আদায় করছে মর্মে আশুগঞ্জ-ভৈরব নৌযান শ্রমিক ইউনিয়নের পক্ষে জনৈক জনাব মোঃ শাহাবউদ্দিন কর্তৃক নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মহোদয় বরাবর গত ২৬/০৮/২০২০ইং তারিখে অভিযোগ করা হয়। উক্ত অভিযোগের বিষয়টি তদন্তের জন্য কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং ১৭৮৩/২০২০ তারিখঃ ১৫/১০/২০২০ইং দ্বারা জনাব মোঃ গোলাম মোস্তফা, উপ-পরিচালক, ল্যান্ড এ্যান্ড এস্টেট বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা- কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত কর্মকর্তা তদন্তকালে জনৈক জনাব মোঃ শাহাবউদ্দিন নামে কোন ব্যক্তির অস্তিত্ব খুঁজে পাননি এবং উক্ত অভিযোগের বিষয়ে কোনরুপ সত্যতা পাওয়া যায়নি মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়। প্রতিবেদনটি অভিযোগ নিষ্পন্নকারী কর্মকর্তার নিকট উপস্থাপন করার মাধ্যমে বিষয়টি নিষ্পন্ন করা হয়েছে।<br><br>২। বিআইডব্লিউটিএ'র নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগের পাইলট মোঃ জাকির হোসেন গত ১১/০৫/২০২০ইং তারিখে চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করেন। তাঁর মৃত্যুর প্রেক্ষিতে পেনশন ও অন্যান্য পাওনাদির টাকা তাঁর স্ত্রী মোসাঃ সালমা আক্তার এর পরিবর্তে তাঁর পিতা- মোঃ আব্দুল খালেক ও মাতা- মোসাঃ হোসনেয়ারা বেগম নিজেদেরকে দেয়ার অনুরোধ জানিয়ে গত ২৫/০৮/২০২০ইং তারিখ কর্তৃপক্ষের চেয়ারম্যান বরাবর একটি আবেদন করা হয়। উক্ত আবেদনের বিষয়টি যাচাই করার লক্ষ্যে কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১৭৪৯/২০২০ইং তারিখঃ ০৮/১০/২০২০ইং দ্বারা জনাব মোহাম্মদ নাহিদ হোসেন, সহকারী পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। উক্ত তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে মরহুম জাকির হোসেন, পাইলট এর পেনশন ও অন্যান্য পাওনাদির বিষয়ে তাঁর পিতা-মোঃ আব্দুল খালেক ও মাতা- মোসাঃ হোসনেয়ারা বেগম এবং স্ত্রী মোসাঃ সালমা আক্তারের মধ্যে সম্পাদিত আপোষনামা কর্তৃপক্ষে দাখিল করা হলে সে মোতাবেক পেনশন ও অন্যান্য পাওনাদির টাকা পরিশোধের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে | **বর্তমান মাসে নতুন অভিযোগ নেই ঃ**<br><br>পূর্বের মাসের অনিষ্পত্তিকৃত পুরাতন ২টি অভিযোগের বিবরণ ঃ<br><br>১। জনাব মোঃ আবু ছালেহ, সহকারী, আইন শাখা, সচিবালয় বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা, স্থায়ী ঠিকানা- গ্রাম+পোঃ পালাখাল, থানাঃ কচুয়া, জেলাঃ চাঁদপুর কর্তৃক চাকুরী দেওয়ার কথা বলে জনৈক পুঁজা সাহা (অষ্টমী), পিতা-বিশ্বনাথ সাহা (সাবেক মেম্বার), সাং-পালাখাল, থানাঃ কচুয়া, জেলাঃ চাঁদপুর এর নিকট হতে নগদ টাকা গ্রহন করে। পরবর্তীতে চাকুরী না হওয়ায় তিনি টাকা ফেরৎ চাইলে বিআইডব্লিটিএ'র উক্ত কর্মচারী তাঁকে বিভিন্ন ধরনের ভয়-ভীতি ও হুমকি-ধামকি প্রর্দশন, অকথ্য ভাষায় গালিগালাজ করায় তিনি কচুয়া থানা, চাঁদপুরে সাধারণ ডায়েরী করেন। বিষয়টি কর্তৃপক্ষ অবহিত হওয়ার পর উক্ত অভিযোগের বিষয়ে তদন্তের জন্য কর্তৃপক্ষের দপ্তর আদেশ নং-১৫৫৩/২০২০ তারিখঃ ১৬/০৯/২০২০ইং দ্বারা জনাব মোঃ খুরশীদ আলম, উপ-পরিচালক(পেনশন), হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। তদন্ত প্রতিবেদন পাওয়া গিয়েছে। তদন্ত প্রতিবেদনের প্রেক্ষিতে উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হচ্ছে।<br><br>২। মেঘনাঘাট ইজারায় ব্যাপক অনিয়ম এবং ইজারাদার তাঁর নিয়মনীতি ভঙ্গ করে অতিরিক্ত টাকা আদায়ের বিষয়ে জনাব মোঃ ইকবাল হোসেন সরদার, মহাসচিব, সম্মিলিত সাংবাদিক জোট, ঢাকা কর্তৃক কর্তৃপক্ষের চেয়ারম্যান বরাবর ২৯/০৯/২০২০ইং তারিখ একটি অভিযোগ দাখিল করা হয়েছে। উক্ত অভিযোগের বিষয়ে কর্তৃপক্ষের বন্দর ও পরিবহন বিভাগ এর নিকট মতামত | - | - | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | উল্লেখ করা হয়। উক্ত প্রতিবেদনের সুপারিশ অনুসারে আপোষনামা দাখিলের পর মৃত মোঃ জাকির হোসেন, সাবেক পাইলট এর পেনশন ও অন্যান্য পাওনাদি পরিশোধ করা হবে মর্মে সিদ্ধান্ত গ্রহণ পূর্বক বিষয়টি অভিযোগ নিষ্পন্নকারী কর্তৃক নিষ্পন্ন করা হয়েছে।<br><br>৩। পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন বাহেরচর লঞ্চঘাটের পন্টুনটি রাস্তার সন্নিকটে স্থাপন এবং ঢাকা-পটুয়াখালী নৌ-পথে চলাচলকারী লঞ্চ যাতে উক্ত ঘাটে ভিড়ে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করে এলকাবাসীর পক্ষে জনাব মোঃ সেলিম হাওলাদার, সদস্য, ১নং ওয়ার্ড, কাছিপাড়া ইউনিয়ন পরিষদ কর্তৃক বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান বরাবর একটি আবেদন করা হয়। উক্ত আবেদনের প্রেক্ষিতে বিআইডব্লিউটিএ'র নৌ-নিরাপত্তা ও ট্রাফিক ব্যবস্থাপনা বিভাগ হতে বাহেরচর লঞ্চঘাট ধরে লঞ্চ পরিচালনার জন্য গত ০৮/১০/২০২০ইং ও ২৯/১০/২০২০ইং তারিখে সংশ্লিষ্ট লঞ্চ মালিক পক্ষ-কে নির্দেশনা দেয়া হয়েছে এবং আবেদনকরীর চাহিদা অনুযায়ী নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ হতে এসপি-১৪৩ পন্টুনটি পুনঃ মুরিং করে উপযুক্ত স্থানে স্থাপন করা হয়েছে। জনাব মোঃ সেলিম হাওলাদার এর আবেদনের প্রেক্ষিতে উল্লিখিত দুইটি বিভাগ কর্তৃক কার্যকর ব্যবস্থা গ্রহণ করার প্রেক্ষিতে নিষ্পন্নকারী কর্মকর্তার নিকট উপস্থাপন করার মাধ্যমে বিষয়টি নিষ্পন্ন করা হয়েছে। | চাওয়া হয়েছে। মতামত পাওয়ার পর উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। | | | |

০৬/১২/২০২০
মোঃ আহসান হাবীব
সহকারী সমন্বয় কর্মকর্তা (বিঃ মাঃ)

(মোঃ আব্দুর রাজ্জাক)
উপ-পরিচালক (সংস্থাপন)

এস এম শাহেদ রেজা
যুগ্ম-পরিচালক (সংস্থাপন)

স্বাক্ষর------------------
নামঃ কমডোর গোলাম সাদেক
পদবীঃ চেয়ারম্যান
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
ফোনঃ ০২-৯৫৬৫৫৬১
ই-মেইলঃ chairman@biwta.gov.bd